গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল-এর দপ্তর
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০।
www.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.২০৭.১১.০০১.২১

তারিখ: ঢাকা ২৮শে পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১২ই জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল-এর দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন অফিসের রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pmgcc.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম ও বেতনস্কেল/গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | ড্রাইভার (ভারী)<br>গ্রেড-১৫<br>বেতনস্কেল: ৯,৭০০-২৩,৪৯০/- | ০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ি চালনায় ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোণা জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা ও সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ২. | মেইল গার্ড<br>গ্রেড-১৭<br>বেতনস্কেল: ৯,০০০-২১,৮০০/- | ০৪ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, টাঙ্গাইল, শেরপুর, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, সিলেট, মৌলভীবাজার জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | পোস্টম্যান<br>গ্রেড-১৭<br>বেতনস্কেল: ৯,০০০-২১,৮০০/- | ৫০ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উত্তীর্ণ। | ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৪. | প্যাকার<br>গ্রেড-১৯<br>বেতনস্কেল: ৮,৫০০-২০,৫৭০/- | ০৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৫. | মেইল ক্যারিয়ার<br>গ্রেড-১৯<br>বেতনস্কেল: ৮,৫০০-২০,৫৭০/- | ০৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, টাঙ্গাইল, শেরপুর, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, সিলেট, মৌলভীবাজার জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | আর্মড গার্ড<br>গ্রেড-১৯<br>বেতনস্কেল: ৮,৫০০-২০,৫৭০/- | ০১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। | ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ১৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, টাঙ্গাইল, শেরপুর, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ফেনী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, সিলেট, মৌলভীবাজার জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৮. | রানার<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ৩৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ৯. | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার)<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে-সকল পদ সাধারণ প্রার্থী দ্বারা পূরণ করা হবে। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা, টাঙ্গাইল, শেরপুর, লক্ষ্মীপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, সিলেট, মৌলভীবাজার জেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ১০. | গার্ডেনার (মালী)<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০১ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাগান পরিচর্যার অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা ব্যতীত), গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ জেলা এবং সুনামগঞ্জ জেলাধীন মধ্যনগর ও ধর্মপাশা উপজেলা, কুড়িগ্রাম জেলাধীন চর রাজিবপুর ও রৌমারী উপজেলা এবং সিরাজগঞ্জ জেলাধীন চৌহালী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| **বি. দ্র. উপরিউক্ত সকল পদে এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** | | | | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। ১৫ই জানুয়ারি ২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২শে সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকে আবেদনকারীর বয়স ২৫-৩-২০২০ খ্রি. তারিখ সর্বোচ্চ বয়সসীমার ৩০ বছর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

০৩। বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় সকল ক্রমিকের প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রযোজ্য ক্ষেত্রে মৌখিক/ব্যাবহারিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। উক্ত পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৪। উপরিউক্ত ১ নং ক্রমিকের প্রার্থীদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ২-১০ নং ক্রমিকের প্রার্থীদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা http://pmgcc.teletalk.com.bd ওয়েবসাইট অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবে না।

০৫। আবেদনে উল্লিখিত মোবাইল নম্বর সার্বক্ষণিক সক্রিয় রাখতে হবে। পরীক্ষাসংক্রান্ত SMS পাওয়ার জন্য মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোনো তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে প্রবেশপত্র Download করে নিতে হবে।

**০৬। প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(খ) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল শিক্ষা/প্রশিক্ষণের সনদসহ সংশ্লিষ্ট সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনের সঙ্গে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে এবং আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

(গ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(ঘ) প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে উক্ত বক্তব্যের সপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(ঙ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(চ) বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ বিধিবিধান, কোটাপদ্ধতি এবং পরবর্তীতে এসংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৭। বিবিধ:

(ক) এ নিয়োগ বিজ্ঞপ্তিসম্পর্কিত যে কোনো সংশোধন/সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি বাংলাদেশ ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) এই নিয়োগ প্রক্রিয়ায় যে কোনো পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(গ) নিয়োগ ও পরীক্ষাসংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়াও একাধিক পদের পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। **অনলাইনে আবেদন পূরণসংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

**(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে https://alljobs.teletalk.com.bd/pmgcc ও http://pmgcc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫-০১-২০২৩ খ্রি., সকাল ১০:০০ টা।

ii) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪-০২-২০২৩ খ্রি., বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সমীর মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষাসংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যাবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পর আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি USER ID নম্বর দেওয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে প্রার্থীদের পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ উপরিউক্ত ১ নং ক্রমিকের প্রার্থীদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ২-১০ নং ক্রমিকের প্রার্থীদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা http://pmgcc.teletalk.com.bd ওয়েবসাইট অনুসরণে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে প্রদান করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবে না।

**প্রথম SMS:** PMGCC<space>USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGCC ABCDEF

Reply: Applicant's Name, TK 223/ 112/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type PMGCC<space>YES<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** PMGCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PMGCC YES 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for PMGCC Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র ইস্যুর বিষয়টি http://pmgcc.teletalk.com.bd অথবা বাংলাদেশ ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে

পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Downloadপূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) USER ID জানা থাকলে:**

PMGCC<space>Help<space>USER<space>USER ID & Send to 16222 নম্বরে

Example: PMGCC Help USER ABCDEF

**ii) PIN NUmber জানা থাকলে:**

PMGCC<space>Help<space>PIN<space>PIN NO & send to 16222 নম্বরে।

Example: PMGCC Help PIN 12345678

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও https://alljobs.teletalk.com.bd/pmgcc এবং http://pmgcc.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান-এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/pmgcc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য বাংলাদেশ ডাক বিভাগের ওয়েবসাইট www.bdpost.gov.bd হতে জানা যাবে।

(ট) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবদেন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ঠ) Online-এ আবেদন করতে কোনে সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল হতে ১২১-এ কল করুন। এছাড়াও alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের জবপোর্টাল-এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk- এ মেসেজ-এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject-এ Organization Name: PMGCC Post Name ****, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

(জেরিন সুলতানা)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ফোন: ০২-২২৩৩৫৬৪৪০।